



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজসেবা অধিদফতর  
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট  
dss.sylhetdiv.gov.bd

----

স্মারক নম্বর: ৪১.২৮.০০০০.০০০.১৬.০১৭.১৯.৬২১

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৯  
১১ ডিসেম্বর ২০২২

বিষয়: ছোটমণি নিবাস, বাগবাড়ি, সিলেট পরিদর্শনের প্রেক্ষিতে বাস্তবায়নযোগ্য নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ০৮ ডিসেম্বর ২০২২ তারিখ ছোটমণি নিবাস, বাগবাড়ি, সিলেট সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে জনাব আব্দুর রফিক, উপপরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট, জনাব মোহাম্মদ সোলায়মান মজুমদার, সরকারী পরিচালক, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বাগবাড়ি, সিলেট ও জনাব লাকী পুরকায়স্থ, উপতত্ত্বাবধায়ক, ছোটমণি নিবাস, সিলেট ও উক্ত প্রতিষ্ঠানের কর্মচারীগণ উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানটি পরিদর্শনপর পর্যবেক্ষণ ও নির্দেশনাসমূহ পরবর্তী ব্যবস্থা গ্রহণে নিম্নে তুলে ধরা হলো:

সারসংক্ষেপ : অত্র প্রতিষ্ঠানে কর্মকর্তা ও কর্মচারীদের পদ অনুমোদিত ১৪টি তন্মধ্যে কর্মরত ১০ জন। কয়েকবৎসর যাবৎ খণ্ডকালীন ডাক্তার নিয়োগের কোন পদক্ষেপ নাই। শিশুদের smart TV বর্তমানে নষ্ট। ০২টি desktop ও ১ টি laptop সচল এবং ৩ টি desktop নষ্ট বলে প্রতিষ্ঠান প্রধান জানান। প্রতিষ্ঠানে ২টি palying zone (indoor) আছে। শিক্ষক পদটি শূন্য আছে। একজন hired শিক্ষক সকালে পড়ান। ১৬ জন নিবাসী বাগবাড়ি ক্যাম্পাস্থ inclusive school এ পড়ছে।

করনীয়:

ক. ছোটমণি নিবাসসহ সিলেট জেলার সকল প্রতিষ্ঠানে একযোগে খণ্ডকালীন ডাক্তার নিয়োগে জরুরী পদক্ষেপ উপপরিচালক গ্রহণ করবেন। উপতত্ত্বাবধায়ক এতদবিষয়ে উপপরিচালক'কে অনুরোধ করবেন।

খ. উপতত্ত্বাবধায়ক একটি desktop computer শিশুদের জন্য ব্যবস্থা করবেন; শিশুরা computer জ্ঞান অর্জনের পাশাপাশি শিক্ষা ও বিনোদন লাভের সুযোগ পাবে।

গ. শিশুদের পড়ালেখার ব্যবস্থা খুবই অপ্রতুল; প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনার মাধ্যমে উপতত্ত্বাবধায়ক দুজন শিক্ষক ব্যবস্থা করবেন একজন সকালে ও অন্যজন সন্ধ্যার পর পড়াবেন। এতবিষয়ে উপতত্ত্বাবধায়ক উপপরিচালক এর সাথে আলাপ করে charity অপশন খোঁজ করবেন।

ঘ. একটি নতুন স্মার্ট টিভি কোন দানশীল ব্যক্তি বা সরকারী বরাদ্দের ও গ্রুপ হতে উপপরিচালক এর মাধ্যমে ক্রয় করতে উপতত্ত্বাবধায়ক জোর চেষ্টা করবেন; শিশুদের বাইরের মাঠে বিকালে খেলতে বের করবেন এবং সকালের নরম রৌদ্র পোহানোর ব্যবস্থা উপতত্ত্বাবধায়ক গ্রহণ করবেন।

ঙ. উপতত্ত্বাবধায়ক প্রতিষ্ঠানটি নিয়মিত দৈনিক দু'বার সরাসরি ঘুরেঘুরে দেখবেন। শিশুদের সুস্বাস্থ্য খাবার নিশ্চিত করে দৈনিক খাদ্য সরবরাহ নিশ্চিত করবেন।

চ. সপ্তাহে কমপক্ষে তিনদিন সঙ্গীত শিক্ষক উপতত্ত্বাবধায়ক উপপরিচালক এর মাধ্যমে ব্যবস্থা করবেন।

ছ. প্রতিষ্ঠানের মালামাল ক্রয়কালে উপতত্ত্বাবধায়ক প্রতিষ্ঠানের চাহিদা যাচাই করে সামগ্রী কিনবেন।

জ. শিশুদের জন্য festival dress উপতত্ত্বাবধায়ক ব্যবস্থা করবেন এবং নিবাসী শিশুদের সবধরনের উৎসবে অংশগ্রহণ উপতত্ত্বাবধায়ক নিশ্চিত করবেন।

এমতাবস্থায় বর্ণিত নির্দেশাবলী নিবাসী শিশুদের ও প্রতিষ্ঠানের সর্বোত্তম স্বার্থ বিবেচনায় বাস্তবায়নের জরুরি পদক্ষেপ গ্রহণ ও আপনার দপ্তরের নিয়মিত তদারকি অব্যাহত রেখে বাস্তবায়ন অগ্রগতি অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

১১-১২-২০২২

মোহাম্মদ শহীদুল ইসলাম


উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট।

স্মারক নম্বর: ৪১.২৮.০০০০.০০০.১৬.০১৭.১৯.৬২১ /১ (৪)

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৯  
১১ ডিসেম্বর ২০২২

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা;
- ২। পরিচালক(প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদফতর, ঢাকা;
- ৩। উপতত্ত্বাবধায়ক, সরকারি শিশু পরিবার (বালক), বাগবাড়ি, সিলেট এবং
- ৪। অফিস কপি।



১১-১২-২০২২  
মোহাম্মদ শহীদুল ইসলাম  
পরিচালক